



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগরভবন, ঢাকা -১০০০

www.dscc.gov.bd

ভূমিকম্প ঝুঁকি মোকাবেলা বিষয়ক তথ্যাদি

ভূমিকম্পের পূর্ব প্রস্তুতি

□ বাড়ির কাঠামোগত প্রস্তুতি

- বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (BNBC 2020) মেনে ভবন নির্মাণ করুন; সয়েল টেস্ট করুন;
- মানহীন রড, সিমেন্ট, পাথর, বালু ব্যবহার থেকে বিরত থাকুন;
- নির্মাণের প্রতিটি ধাপ একজন দক্ষ ইঞ্জিনিয়ার দিয়ে তত্ত্বাবধান করুন;
- ভবনটি ভূমিকম্প-সহনশীল কিনা তা অভিজ্ঞ স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারের পরামর্শ নিন;
- দেয়াল, সিলিং, রেলিং ও বারান্দার পুরনো ফাটল মেরামত করুন, প্রয়োজনে রিট্রোফিট করুন;
- ভারী জিনিস (আলমারি, বুকসেলফ, ফ্রিজ, শোকেস, এসি, গ্যাস সিলিন্ডার ইত্যাদি) দেয়ালে শক্তভাবে বেঁধে দিন যাতে ভূমিকম্পে না পড়ে যায়;
- ঝাড়বাতি, সিলিং ফ্যান ইত্যাদি ভালোভাবে আটকানো আছে কিনা দেখুন;
- বিল্ডিং এর ছাদ, রেলিং, ব্যালকনি ইত্যাদির সাথে ফুলের টব বা ভারী কোন বস্তু ঝুলিয়ে রাখবেন না, রেলিং এর উপর থেকে ফুলের টব সরিয়ে ফেলুন;
- ভবনের সিঁড়িতে নির্বিঘ্নে চলাচলে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি করে এমন বস্তু বা জিনিস রাখবেন না ;
- ভবন বা পার্কিং এ দাহ্য পদার্থ রাখা যাবে না;
- আপনার বাড়ির আসা যাওয়ার সরু রাস্তা বড় করার উদ্যোগ নিন।

□ জরুরি কিট/ব্যাগ প্রস্তুত করুন (ব্যাগে যা থাকতে পারে)

- প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম (ফার্স্ট এইড কিট);
- প্রয়োজনীয় ওষুধ ও ফেস মাস্ক;
- পানির বোতল;
- শুকনো খাবার;
- টর্চ লাইট ও অতিরিক্ত ব্যাটারি;
- পাওয়ার ব্যাংক;
- গুরুত্বপূর্ণ দলিলাদি;
- নগদ টাকা;
- বাঁশি;
- জরুরি বার্তা পেতে ব্যাটারিচালিত রেডিও;
- শিশু ও বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তির জন্য প্রয়োজনীয় সামগ্রী।

ব্যাগটি এমন জায়গায় রাখুন, যেন পরিবারের সবাই সহজে নিতে পারে।

□ পরিবার/কর্মস্থলে জরুরি পরিকল্পনা তৈরি করুন

- ভূমিকম্প হলে জড়ো হওয়ার স্থান ঠিক করুন। অফিস, স্কুল বা বাসার নিরাপদ স্থানগুলো চিহ্নিত করুন;
- পরিবারের সবাইকে “ঝুঁকে পড়া (Drop), আশ্রয় নেয়া (Cover), ধরে থাকা (Hold)” এই ৩টি বিষয় অনুশীলন করুন;
- হাতুড়ি, হেলমেট, কুড়াল, বহনযোগ্য অগ্নিনির্বাপক যন্ত্র ইত্যাদি প্রস্তুত রাখুন;
- মোবাইলে পর্যাপ্ত চার্জ রাখুন;
- বিছানার পাশে জুতা রাখুন, বেডের পাশে হেলমেট ও হুইসেল রাখুন, ভারী আলমারি, টিভি বা ফ্রিজের অবস্থান এমনভাবে রাখুন যাতে পড়ে গেলে কেউ আঘাতপ্রাপ্ত না হয়, গ্যাস সিলিন্ডার চেইন দিয়ে বেঁধে রাখুন;
- ভবনের প্রধান ফটক এবং বাসার দরজার চাবি দৃশ্যমান স্থানে ঝুলিয়ে রাখুন;
- ফায়ার স্টেশন, হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রসমূহের জরুরি টেলিফোন নম্বর বাড়ির প্রকাশ্য স্থানে দৃশ্যমান রাখুন।



□ নিরাপদ ও ঝুঁকিপূর্ণ স্থান চিহ্নিত করুন

✓ ঘরের ভেতরে নিরাপদ স্থান

- শক্ত টেবিল/ডেস্কের নিচ;
- খাট/চৌকির নীচ;
- কলামের পাশে বিমের নীচ।

✗ ঝুঁকিপূর্ণ স্থান

- জানালা, কাঁচের দরজার পাশে অবস্থান;
- দেওয়ালের পাশে অবস্থান;
- বুকসেলফ, শোকেস, ফ্রিজ, টিভি, গ্যাস সিলিন্ডার, ড্রেসিং টেবিল, আলমারি ইত্যাদির সামনে অবস্থান;
- বারান্দা, সিঁড়ি, লিফট, ব্যালকনি।

□ গ্যাস-বৈদ্যুতিক নিরাপত্তা নিশ্চিত করুন

- নিয়মিতভাবে গ্যাস লাইন পরীক্ষা করুন;
- রান্নাঘরে অগ্নি নির্বাপক যন্ত্র রাখুন;
- বৈদ্যুতিক লাইনের সঠিকতা পরীক্ষা করুন।

□ সচেতনতা ও অনুশীলন

- নিজে জানুন এবং পরিবারের সদস্যদের ভূমিকম্প করণীয় সম্পর্কে অবগত করুন;
- আপনার নিকটস্থ প্রতিষ্ঠান/স্থানে ভূমিকম্প বিষয়ক ড্রিল বা মহড়ায় অংশ গ্রহণ করুন।

ভূমিকম্প চলাকালীন করণীয়

□ আপনি যদি ঘরের ভেতরে থাকেন

- আতঙ্কিত না হয়ে শান্ত ও স্থির থাকুন;
- আপনি বহুতল ভবনে অবস্থান করলে সিঁড়ি বা লিফট দিয়ে নামার চেষ্টা করবেন না, কম্পন শুরু হলে সিঁড়ি বা লিফট ব্যবহার করা বিপজ্জনক;
- বারান্দা, জানালা বা ছাদ থেকে লাফ দেবেন না;
- ভূকম্পনের সময় বিছানায় থাকলে বালিশ দিয়ে মাথা ঢেকে খাটের নিচে, ড্রয়িং বা ডাইনিং-এ থাকলে মজবুত টেবিলের নিচে বা কোনো আশ্রয় না পেলে মাথায় হাত দিয়ে বিম/কলাম/পিলার/দেয়াল ঘেঁষে অবস্থান নিন;
- বৈদ্যুতিক মেইন সুইচ, গ্যাস লাইন ও পানির সরবারহের সংযোগ বন্ধ করে দিন;
- ঝুলন্ত বা ভাঙা জিনিসের নিচে যাবেন না;
- কেউ পাশে থাকলে, বিশেষ করে শিশু ও বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের সহায়তা করুন;
- বারান্দা, ব্যালকনি, জানালা, বুকসেলফ, আলমারি, আসবাবপত্র বা অন্য কোন ঝুলন্ত ভারি বস্তু থেকে দূরে থাকুন;
- শিক্ষা প্রতিষ্ঠানে অবস্থানকালে স্কুল ব্যাগ মাথায় নিয়ে শক্ত বেঞ্চ/টেবিলের নিচে আশ্রয় নিন;
- গার্মেন্টস ফ্যাক্টরী, হাসপাতাল, মার্কেট ও সিনেমা হলে থাকলে বের হওয়ার জন্য দরজার সামনে ভিড় কিংবা ধাক্কাধাক্কি না করে দূরত্ব দিয়ে মাথা ঢেকে বসে পড়ুন;
- মোবাইল ফোনটি সাথে রাখুন।

□ আপনি যদি বাইরে থাকেন

- বিল্ডিং-এর গা ঘেঁষে দাঁড়াবেন না, দুরত্ব বজায় রেখে খোলা আকাশের নিচে অথবা নিরাপদ স্থানে অবস্থান করুন;
- বহুতল ভবন, বৈদ্যুতিক খুঁটি, গাছ বা সেতুর কাছ থেকে দূরে থাকুন;
- গাড়িতে থাকলে ওভার ব্রিজ, ফ্লাইওভার, গাছ ও বৈদ্যুতিক খুঁটি থেকে দূরে গাড়ি থামিয়ে ভেতরে থাকুন;
- বহুতল ভবনের কাছাকাছি থাকলে কানিশ, রেলিং, ব্যালকনি ও খোলা সিঁড়ি থেকে নিরাপদ দূরত্বে অবস্থান করুন।

ভূমিকম্প পরবর্তী করণীয়

- আশেপাশে আহত বা বিপদগ্রস্ত কেউ আছে কি না দেখুন প্রয়োজনে দ্রুত চিকিৎসার ব্যবস্থা নিন;
- কোথাও আটকা পড়লে শব্দ বা সংকেত দিয়ে সহায়তা চান;
- ধ্বংসস্তূপের নিচে আটকে গেলে চিৎকার করবেন না, কথা বলবেন না, কাপড়ে মুখ ঢেকে রাখুন, যাতে ধূলাবালি শ্বাসনালিতে না ঢোকে। হুইসেল থাকলে বাজান, না থাকলে দেয়ালে বা পাইপে ৩ বার টোকা বা শব্দ করে উদ্ধারের সংকেত দিন (আন্তর্জাতিক রেসকিউ সিগন্যাল) মোবাইল টর্চ অন রাখুন, কোন অবস্থাতেই ম্যাচ, লাইটার, চুলা জ্বালাবেন না;
- গ্যাস লিকেজ বা বৈদ্যুতিক সমস্যার লক্ষণ দেখা দিলে কর্তৃপক্ষকে জানান;
- ভবনে কোনো ক্ষতি বা ফাটল হয়েছে কিনা পর্যবেক্ষণ করুন;
- সরকারি নির্দেশনা মেনে চলুন।

সতর্কতা ও সচেতনতাই ভূমিকম্পে ঝুঁকি ও ক্ষয়ক্ষতি কমানোর সবচাইতে কার্যকর উপায় নিজে জানুন ও অন্যকে জানাতে সহায়তা করুন।

ভূমিকম্প বা যে কোন দুর্যোগ সংক্রান্ত তথ্য সেবা পেতে কল করুন

ডিএসসিসি কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ ০২২২৩৩৮৬০১৪

ডিএসসিসি জরুরি পরিচালন কেন্দ্র (EOC) ০১৭০৯৯০০৮৮৮

জাতীয় জরুরি সেবা ৯৯৯

ফায়ার সার্ভিস ১০২

জরুরি আবহাওয়া বার্তা জানতে মোবাইল ফোন থেকে ১০৯০ নম্বরে কল করুন।